কনফিডেন্সসিমেন্ট
☎01755550035-36

দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

রয়েল সিমেন্ট
ফাটল ও নোনা রোধী

বৃহস্পতিবার | ১১ জুলাই ২০২৪ | www.edainikazadi.net রেজি, নং-চ-৫৪ | ৬৫তম বর্ষ ২৯৪ সংখ্যা | ২৭ আষাঢ় ১৪৩১ সাল | ৪ মহররম ১৪৪৬ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা



*বক্তব্য রাখছেন প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন*

# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ফ্যাশন এক্সিবিশন আর্ট অ্যান্ড ফেস্টিভ্যাল

রঙ-বেরঙের কারুকাজ করা শাড়ি, কুর্তা, পাঞ্জাবি সাজানো, সাথে পেইন্টিং, হাতে বানানো গয়না, শো-পিস, সোফার কুশন থেকে শুরু করে নানান প্রকারের হ্যান্ডিক্রাফটস। আরেক পাশে নানান পদের উপাদেয় সব খাবার সাজানো থরে থরে। ভিড়ও কম নয়। বর্ণিল পোশাকে ছেলে-মেয়েরা করিডোরজুড়ে, এঘর থেকে ওঘর ঘুরে বেড়াচ্ছে। দেখে মনে হবে যেন উৎসব। প্রিমিয়ার ইউনিভার্সিটির ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগের শিক্ষার্থীরা নিজেদের হাতের কাজগুলো প্রদর্শন করার লক্ষ্যে আয়োজন করেছে ফ্যাশন এক্সিবিশন আর্ট অ্যান্ড ফেস্টিভ্যালের। শিক্ষকদের তত্ত্বাবধানে আয়োজনে প্রাণভোমরা শিক্ষার্থীরাই। একাডেমিক কার্যক্রমের অংশ হিসেবে নানান ধরনের ডিজাইন তাদের করতে হয় সারা বছরই। সেখান থেকে বাছাইকৃত সব কাজ নিয়ে প্রদর্শন ও উৎসবের আয়োজন।

গতকাল বুধবার ইউনিভার্সিটির দামপাড়াস্থ ক্যাম্পাসে উৎসবের উদ্বোধন করেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। তিনি বলেন, আমরা সবসময়ই সুন্দরের সন্ধান করি। সভ্যতার সূচনারও আগে সুন্দরের সন্ধান শুরু হয়েছে। আমাদের মনে রাখতে হবে, সুন্দর যেন অনাবিল হয়। মানুষ সভ্যতার শুরু থেকেই ফ্যাশনের সন্ধানে রয়েছে। তবে, যুগে যুগে ফ্যাশন বদলায়, এবং এর মধ্য দিয়ে শিল্প ও সংস্কৃতিরও পরিবর্তন হয়। আমাদের দেশের শিল্প-সংস্কৃতিকে ধরে রেখে যুগের সাথে তাল মেলাতে হবে শিক্ষার্থীদের।

এতে অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামিম সুলতানা। তিনি বলেন, অন্যান্য শিল্পের মতো ফ্যাশন ইন্ডাস্ট্রিতেও গ্রীন মুভমেন্ট শুরু হয়েছে। পরিবেশের ক্ষতি না করে, কিভাবে টেকসই পণ্য তৈরি করা যায়, তা নিয়ে কাজ চলছে সারাবিশ্বে। আমাদের শিক্ষার্থীদেরও পরিবেশের কথা মাথায় রেখে কিভাবে নিজের মধ্য স্বকীয়তা আনা যায়, তার চেষ্টা করতে হবে। শিল্পে স্বকীয়তা থাকতে হয়। আমাদের নিজস্ব ঐতিহ্য, সংস্কৃতি ও প্রকৃতি থেকেই মৌলিকতা খুঁজে বের করতে হবে।

ট্রেজারার প্রফেসর ড. তৌফিক সাঈদ বলেন, ডিজাইনার হয়ে ওঠার পাশাপাশি শিক্ষার্থীদের ব্যবসায়ীও হয়ে উঠতে হবে। নিজেদের ব্র্যান্ড গড়ে তুলতে না পারলে দিনশেষে অনেক ভালো ডিজাইনও কালের গহ্বরে হারিয়ে যায়। পেশাগত জীবনে উন্নতি করতে হলে বিজনেস, মার্কেটিং, ম্যানেজমেন্টের দক্ষতা অর্জন করতে হবে।

বিভাগের চেয়ারম্যান সঞ্জয় কুমার দাশের সভাপতিত্বে এতে অতিথি ছিলেন বাংলাদেশ এডুকেশন এন্ড রিসার্চ ইনস্টিটিউটের ফাউন্ডার ও সিইও ড. আরিফ জুবায়ের ও গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মুনির। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 11 July 2024, Page: 3, Col: 1
https://edainikazadi.net/index.php?page=1&date=2024-07-11

কনফিডেন্স সিমেন্ট
☎01755550035-36

চট্টগ্রাম বৃহস্পতিবার ১১ জুলাই ২০২৪

দৈনিক পূর্বকোণ

মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত

চট্টগ্রাম দৈনিক পূর্বকোণ

রেজিঃ নম্বর-চ-৮৯ । । ৩৯তম বর্ষ ১৩৮তম সংখ্যা । । ২৭ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ । । ৪ মহররম ১৪৪৬ হিজরি । । Thursday 11 July 2024 । । ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ফ্যাশন এক্সিবিশন আর্ট এন্ড ফেস্টিভাল

রঙ-বেরঙের কারুকাজ করা শাড়ি, কুর্তা, পাঞ্জাবি সাজানো, সাথে পেইন্টিং, হাতে বানানো গয়না, শো-পিস, সোফার কুশন থেকে শুরু করে নানান প্রকারের হ্যান্ডিক্রাফটস। আরেক পাশে নানান পদের উপাদেয় সব খাবার সাজানো থরে থরে। ভিড়ও কম নয়। বর্ণিল পোশাকে ছেলে-মেয়েরা করিডোরজুড়ে, এঘর থেকে ওঘর ঘুরে বেড়াচ্ছে। দেখে মনে হবে যেন উৎসব।

প্রিমিয়ার ইউনিভার্সিটির ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের শিক্ষার্থীরা নিজেদের হাতের কাজগুলো প্রদর্শন করার সন্ধান শুরু হয়েছে। মানুষের নিজের অস্তিত্বকে সুন্দর ও আনন্দময় করে তুলতেই এ প্রয়াস।এতে অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামিম সুলতানা। তিনি বলেন, অন্যান্য শিল্পের মতো ফ্যাশন ইন্ডাস্ট্রিতেও গ্রীন মুভমেন্ট শুরু হয়েছে। পরিবেশের ক্ষতি না করে, কিভাবে টেকসই পণ্য তৈরি করা যায়, তা নিয়ে কাজ চলছে সারাবিশ্বে। আমাদের শিক্ষার্থীদেরও পরিবেশের কথা মাথায় রেখে কিভাবে নিজের মধ্য স্বকীয়তা আনা যায়, তার চেষ্টা করতে হবে।



*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের উৎসবে বক্তব্য রাখছেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন*

লক্ষ্যে আয়োজন করেছে ফ্যাশন এক্সিবিশন আর্ট এন্ড ফেস্টিভাল-এর। শিক্ষকদের তত্ত্বাবধানে এ আয়োজনে প্রাণভোমরা শিক্ষার্থীরাই। একাডেমিক কার্যক্রমের অংশ হিসেবে নানান ধরনের ডিজাইন তাদের করতে হয় সারা বছরই। সেখান থেকে বাছাইকৃত সব কাজ নিয়ে এ প্রদর্শন ও উৎসবের আয়োজন। গতকাল বুধবার সকাল সাড়ে ১১টায় প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ ক্যাম্পাসে এ উৎসবের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন একুশে পদকপ্রাপ্ত বরেণ্য সমাজবিজ্ঞানী প্রফেসর ড. অনুপম সেন।

প্রধান অতিথির বক্তব্যে এ সময় তিনি বলেন, আমরা সবসময়ই সুন্দরের সন্ধান করি। সভ্যতার সূচনারও আগে সুন্দরের

প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার ও ইঞ্জিনিয়ারিং ফ্যাকাল্টির ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ বলেন, ডিজাইনার হয়ে ওঠার পাশাপাশি শিক্ষার্থীদের ব্যবসায়ীও হয়ে উঠতে হবে। নিজেদের ব্র্যান্ড গড়ে তুলতে না পারলে দিনশেষে অনেক ভালো ডিজাইনও কালের গহ্বরে হারিয়ে যায়। পেশাগত জীবনে উন্নতি করতে হলে বিজনেস, মার্কেটিং, ম্যানেজমেন্টের দক্ষতা অর্জন করতে হবে। বিভাগের চেয়ারম্যান সঞ্জয় কুমার দাশের সভাপতিত্বে এতে অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন বাংলাদেশ এডুকেশন এন্ড রিসার্চ ইনস্টিটিউটের ফাউন্ডার ও সিইও ড. আরিফ জুবায়ের ও প্রিমিয়ার ইউনিভার্সিটির গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মুনির।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 11 July 2024, Page: 3, Col: 2
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2024-07-11

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

আপনার সংযোগে চট্টগ্রামের সবিশেষ ১ যুগে পূর্বদেশ

বৃহস্পতিবার
চট্টগ্রাম
১১ জুলাই ২০২৪
২৭ আষাঢ় ১৪৩১
৪ মহররম ১৪৪৬
বর্ষ-১২, সংখ্যা-১৯৭

www.dailypurbodesh.com | প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ | ৮ পৃষ্ঠা | ৭ টাকা

সড়ক ও পরিবহন সেক্টরে শৃঙ্খলা ফিরিয়ে আনাই বড় চ্যালেঞ্জ | ৩
জাকেরুল হক চৌধুরীর মত নেতারা ছিলেন আওয়ামী লীগের সম্পদ | ৪
গাজা ছাড়তে ফিলিস্তিনিদের নির্দেশ দিলো ইসরায়েল | ৬
বেনজীরের আলিশান বাড়িটিতে যা পেল জেলা প্রশাসন | ৮



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের উৎসবে বক্তব্য রাখছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন একুশে পদকপ্রাপ্ত সমাজবিজ্ঞানী প্রফেসর ড. অনুপম সেন

# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ফ্যাশন এক্সিবিশন আর্ট এন্ড ফেস্টিভাল

রঙ-বেরঙের কারুকাজ করা শাড়ি, কুর্তা, পাঞ্জাবি সাজানো, সাথে পেইন্টিং, হাতে বানানো গয়না, শো-পিস, সোফার কুশন থেকে শুরু করে নানান প্রকারের হ্যান্ডিক্রাফটস। আরেক পাশে নানান পদের উপাদেয় সব খাবার সাজানো থরে থরে। ভিড়ও কম নয়। বর্ণিল পোশাকে ছেলে-মেয়েরা করিডোরজুড়ে, এঘর থেকে ওঘর ঘুরে বেড়াচ্ছে। দেখে মনে হবে যেন উৎসব।

প্রিমিয়ার ইউনিভার্সিটির ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের শিক্ষার্থীরা নিজেদের হাতের কাজগুলো প্রদর্শন করার লক্ষ্যে আয়োজন করেছে ফ্যাশন এক্সিবিশন আর্ট এন্ড ফেস্টিভাল-এর। শিক্ষকদের তত্ত্বাবধানে এ আয়োজনে প্রাণভোমরা শিক্ষার্থীরাই। একাডেমিক কার্যক্রমের অংশ হিসেবে নানান ধরনের ডিজাইন তাদের করতে হয় সারা বছরই। সেখান থেকে বাছাইকৃত সব কাজ নিয়ে এ প্রদর্শন ও উৎসবের আয়োজন।

১০ জুলাই বুধবার সকাল সাড়ে ১১টায় প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ ক্যাম্পাসে এ উৎসবের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন একুশে পদকপ্রাপ্ত বরেণ্য সমাজবিজ্ঞানী প্রফেসর ড. অনুপম সেন।

প্রধান অতিথির বক্তব্যে এ সময় তিনি বলেন, আমরা সবসময়ই সুন্দরের সন্ধান করি। সভ্যতার সূচনারও আগে সুন্দরের সন্ধান শুরু হয়েছে। মানুষের নিজের অস্তিত্বকে সুন্দর ও আনন্দময় করে তুলতেই এ প্রয়াস। আমাদের মনে রাখতে হবে, এ সুন্দর যেন অনাবিল হয়, পঙ্কিল হয়ে না ওঠে। মানুষ সভ্যতার শুরু থেকেই ফ্যাশনের সন্ধানে রয়েছে। তবে, যুগে যুগে ফ্যাশন বদলায়, এবং এর মধ্য দিয়ে শিল্প ও সংস্কৃতিরও পরিবর্তন হয়। আমাদের দেশের শিল্প-সংস্কৃতিকে ধরে রেখে যুগের সাথে তাল মেলাতে হবে শিক্ষার্থীদের।

এতে অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামিম সুলতানা। তিনি বলেন, অন্যান্য শিল্পের মতো ফ্যাশন ইন্ডাস্ট্রিতেও গ্রীন মুভমেন্ট শুরু হয়েছে। পরিবেশের ক্ষতি না করে, কিভাবে টেকসই পণ্য তৈরি করা যায়, তা নিয়ে কাজ চলছে সারাবিশ্বে। আমাদের শিক্ষার্থীদেরও পরিবেশের কথা মাথায় রেখে কিভাবে নিজের মধ্য স্বকীয়তা আনা যায়, তার চেষ্টা করতে হবে। শিল্পে স্বকীয়তা থাকতে হয়। আমাদের নিজস্ব ঐতিহ্য, সংস্কৃতি ও প্রকৃতি থেকেই মৌলিকতা খুঁজে বের করতে হবে।

প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার ও ইঞ্জিনিয়ারিং ফ্যাকাল্টির ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ বলেন, ডিজাইনার হয়ে ওঠার পাশাপাশি শিক্ষার্থীদের ব্যবসায়ীও হয়ে উঠতে হবে। নিজেদের ব্র্যান্ড গড়ে তুলতে না পারলে দিনশেষে অনেক ভালো ডিজাইনও কালের গহ্বরে হারিয়ে যায়। পেশাগত জীবনে উন্নতি করতে হলে বিজনেস, মার্কেটিং, ম্যানেজমেন্টের দক্ষতা অর্জন করতে হবে। বিভাগের চেয়ারম্যান সঞ্জয় কুমার দাশের সভাপতিত্বে এতে অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন বাংলাদেশ এডুকেশন এন্ড রিসার্চ ইনস্টিটিউটের ফাউন্ডার ও সিইও ড. আরিফ জুবায়ের ও প্রিমিয়ার ইউনিভার্সিটির গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মুনির। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 11 July 2024, Page: 3, Col: 1
https://epurbodesh.com/index.php?page=1&date=2024-07-11

চট্টগ্রাম • বৃহস্পতিবার • ১১ জুলাই ২০২৪ • ২৭ আষাঢ় ১৪৩১ • ৪ মহরম ১৪৪৬
৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা
চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ২০ সংখ্যা ৩১১

২০ বছরে সুপ্রভাত

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat



**এনআইডি সংশোধনে হয়রানি বন্ধ হোক**

জাতীয় পরিচয়পত্র (এনআইডি) সংশোধনের হয়রানি থেকে নিস্তার মিলছে না নাগরিকদের। জানা গেছে বৃহত্তর চট্টগ্রামে ৪৫ হাজারেরও বেশি নাগরিকের জাতীয় পরিচয়পত্র (এনআইডি) সংশোধনের আবেদন নিষ্পত্তির অপেক্ষায় রয়েছে।

বিস্তারিত ▶ পৃষ্ঠা : ২

৩ রিজার্ভ নামলো ২০ বিলিয়ন ডলারে

৫ কোটা তাদের ইস্যু দাবি তাদের অন্যকিছু

৬ কানাডার স্বপ্নযাত্রা থামিয়ে ফাইনালে আর্জেন্টিনা



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ফ্যাশন এক্সিবিশন আর্ট এন্ড ফেস্টিভালে উপাচার্য ড. অনুপম সেনসহ অতিথিবৃন্দ

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ফ্যাশন এক্সিবিশন আর্ট এন্ড ফেস্টিভাল

রঙ-বেরঙের কারুকাজ করা শাড়ি, কুর্তা, পাঞ্জাবি সাজানো, সাথে পেইন্টিং, হাতে বানানো গয়না, শো-পিস, সোফার কুশন থেকে শুরু করে নানান প্রকারের হ্যান্ডিক্রাফটস। আরেক পাশে নানান পদের উপাদেয় সব খাবার সাজানো থরে থরে। ভিড়ও কম নয়। বর্ণিল পোশাকে ছেলে-মেয়েরা করিডোরজুড়ে, এঘর থেকে ওঘর ঘুরে বেড়াচ্ছে। দেখে মনে হবে যেন উৎসব ।প্রিমিয়ার ইউনিভার্সিটির ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের শিক্ষার্থীরা নিজেদের হাতের কাজগুলো প্রদর্শন করার লক্ষ্যে আয়োজন করেছে ফ্যাশন এক্সিবিশন আর্ট এন্ড ফেস্টিভাল-এর। শিক্ষকদের তত্ত্বাবধানে এ আয়োজনে প্রাণভোমরা শিক্ষার্থীরাই। একাডেমিক কার্যক্রমের অংশ হিসেবে নানান ধরনের ডিজাইন তাদের করতে হয় সারা বছরই। সেখান থেকে বাছাইকৃত সব কাজ নিয়ে এ প্রদর্শন ও উৎসবের আয়োজন। ১০ জুলাই সকাল সাড়ে ১১টায় প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ ক্যাম্পাসে এ উৎসবের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন একুশে পদকপ্রাপ্ত বরেণ্য সমাজবিজ্ঞানী প্রফেসর ড. অনুপম সেন। প্রধান অতিথির বক্তব্যে এ সময় তিনি বলেন, আমরা সবসময়ই সুন্দরের সন্ধান করি। সভ্যতার সূচনারও আগে সুন্দরের সন্ধান শুরু হয়েছে। আমাদের দেশের শিল্প-সংস্কৃতিকে ধরে রেখে যুগের সাথে তাল মেলাতে হবে শিক্ষার্থীদের। এতে অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামিম সুলতানা। তিনি বলেন, অন্যান্য শিল্পের মতো ফ্যাশন ইন্ডাস্ট্রিতেও গ্রীন মুভমেন্ট শুরু হয়েছে। পরিবেশের ক্ষতি না করে, কিভাবে টেকসই পণ্য তৈরি করা যায়, তা নিয়ে কাজ চলছে সারাবিশ্বে। আমাদের শিক্ষার্থীদেরও পরিবেশের কথা মাথায় রেখে কিভাবে নিজের মধ্য স্বকীয়তা আনা যায়, তার চেষ্টা করতে হবে। শিল্পে স্বকীয়তা থাকতে হয়। আমাদের নিজস্ব ঐতিহ্য, সংস্কৃতি ও প্রকৃতি থেকেই মৌলিকতা খুঁজে বের করতে হবে। প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার ও ইঞ্জিনিয়ারিং ফ্যাকাল্টির ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ বলেন, ডিজাইনার হয়ে ওঠার পাশাপাশি শিক্ষার্থীদের ব্যবসায়ীও হয়ে উঠতে হবে। নিজেদের ব্র্যান্ড গড়ে তুলতে না পারলে দিনশেষে অনেক ভালো ডিজাইনও কালের গহ্বরে হারিয়ে যায়। পেশাগত জীবনে উন্নতি করতে হলে বিজনেস, মার্কেটিং, ম্যানেজমেন্টের দক্ষতা অর্জন করতে হবে। বিভাগের চেয়ারম্যান সঞ্জয় কুমার দাশের সভাপতিত্বে এতে অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন বাংলাদেশ এডুকেশন এন্ড রিসার্চ ইনস্টিটিউটের ফাউন্ডার ও সিইও ড. আরিফ জুবায়ের ও প্রিমিয়ার ইউনিভার্সিটির গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মুনির। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 11 July 2024, Page: 4, Col: 6
https://esuprobhat.com/index.php?page=1&date=2024-07-11